

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
(পার-৪ অধিশাখা)
www.mohfw.gov.bd

নং-৪৫.০০.০০০০.১৫০.১৫.০১৯.১৮-

তারিখ: ১৮.০৯.২০১৯ খ্রি:

বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগের অধীন বিভিন্ন প্রতিষ্ঠানে রাজস্বখাতে পদ সৃজন।

সভার তারিখ : ১১.০৯.২০১৯ খ্রি:
সভার সময় : বেলা ৩.০০ টায়।
সভার স্থান : কক্ষ নং-৩২৩, ভবন নং-৩, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
সভাপতি : মোঃ হাবিবুর রহমান খান
অতিরিক্ত সচিব (প্রশাসন),
স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা পরিশিষ্ট- 'ক' সংযুক্ত।

আলোচনা: সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমোদনক্রমে রোকেয়া বেগম, উপ-সচিব (পার-৪) অধিশাখা সভায় বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠানের পদ সৃজনের বিষয়ে আলোকপাত করেন। প্রতিষ্ঠানগুলো হলো: (১) জাতীয় প্রতিষেধক ও সামাজিক চিকিৎসা প্রতিষ্ঠান (নিপসম) এর জন্য ২০টি নতুন একাডেমিক বিভাগ সৃজনের প্রশাসনিক অনুমোদন এবং রাজস্বখাতে ৭৬৫টি নতুন পদ সৃজন; (২) ১৫টি মেডিকেল কলেজ হাসপাতাল, ৭টি বিশেষায়িত হাসপাতাল, ২৩টি ২৫০ শয্যা সদর/জেনারেল হাসপাতাল ও ৩৫টি ১০০ শয্যা জেলা সদর হাসপাতালে রেডিওলজি বিভাগে পদ সৃজন; এবং (৩) ১৪টি সরকারী মেডিকেল কলেজ হাসপাতাল এন্ডোক্রাইনোলজি ও ডায়াবেটিস বিভাগের জন্য পদ সৃজন।

(১) জাতীয় প্রতিষেধক ও সামাজিক চিকিৎসা প্রতিষ্ঠানের (নিপসম) জন্য পদ সৃজনঃ

উপসচিব (পার-৪) সভাকে জানান যে, জাতীয় প্রতিষেধক ও সামাজিক চিকিৎসা প্রতিষ্ঠান (নিপসম) ১৯৭৪ সালে প্রতিষ্ঠিত হয় এবং ২টি স্নাতকোত্তর ডিপ্লোমা কোর্স এবং ৪০ জন ছাত্রছাত্রী নিয়ে ১৯৭৮ সালে নিপসম এর একাডেমিক কার্যক্রম শুরু হয়। বর্তমানে উক্ত প্রতিষ্ঠানে কাজের পরিধি ও পরিমান বৃদ্ধির বিপরীতে শিক্ষকদের পদ সংখ্যার বৃদ্ধির চিত্র খুবই হতাশা ব্যাঞ্জক। ৩৩ জন শিক্ষক নিয়ে নিপসম যাত্রা থেকে এ পর্যন্ত শিক্ষকদের নতুন পদ সৃষ্টি হয়েছে মাত্র ৮টি অর্থাৎ বিগত ৩৮ বছরে শিক্ষকদের সংখ্যা শতকরা ২৫ ভাগ বৃদ্ধি পেয়েছে যা প্রয়োজনের তুলনায় একেবারেই অপ্রতুল। এমতাবস্থায় শিক্ষক স্বল্পতার কারণে সব কটি এমপিএইচ-প্রোগ্রাম ও এমফিল কোর্স পরিচালনাসহ সার্বিক একাডেমিক, গবেষণা ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা খুবই দুরূহ হয়ে পড়েছে বিধায় প্রতিষ্ঠানটি সুষ্ঠুভাবে পরিচালনার সুবিধার্থে রাজস্বখাতে পর্যাপ্ত সংখ্যক পদ সৃজন করা অতীব জরুরী। সেই লক্ষ্যে নিপসম হতে ৭৬৫টি নতুন পদ সৃজনসহ ২০টি বিভাগ খোলার প্রস্তাব করা হয়েছে। তবে প্রস্তাবিত পদসমূহ বিভাগ অনুসারে দেখানো হয়নি।

প্রস্তাবের উপর বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত মোতাবেক প্রস্তাব পার-৪ অধিশাখার মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করবে:

- (১) বিদ্যমান নিয়োগবিধির সাথে সামঞ্জস্য রেখে পদের প্রস্তাব করতে হবে;
- (২) প্রতিটি বিভাগ ভিত্তিক পদ নির্দেশ করে প্রস্তাব করতে হবে;
- (৩) যতদূর সম্ভব পদ সোপানের প্রস্তাব করতে হবে;
- (৪) বিভাগের নাম যতদূর সম্ভব সংক্ষিপ্ত ও আকর্ষণীয় করে প্রস্তাব প্রেরণ করতে হবে।

(২) ১৫টি মেডিকেল কলেজ হাসপাতাল, ৭টি বিশেষায়িত হাসপাতাল, ২৩টি ২৫০ শয্যা সদর/জেনারেল হাসপাতাল ও ৩৫টি ১০০ শয্যা জেলা সদর হাসপাতালে রেডিওলজি বিভাগে পদ সৃজনঃ

১৯৮৫ সাল এবং তৎপরবর্তী সময়ে সকল মেডিকেল কলেজ হাসপাতাল, সিভিল সার্জন অফিস এবং ফিজিক্যাল মেডিসিন বিভাগে চীফ মেডিকেল টেকনোলজিস্ট (ফিজিওথেরাপী) সিনিয়র মেডিকেল টেকনোলজিস্ট (ল্যাব/ফিজিওথেরাপী) পদ সৃষ্টি হলেও রেডিওলজি এন্ড ইমেজিং বিভাগে- সিনিয়র মেডিকেল টেকনোলজিস্ট রেডিওগ্রাফি, চীফ মেডিকেল টেকনোলজিস্ট রেডিওগ্রাফি পদ সৃষ্টি হয়নি। বর্তমানে রেডিওলজি বিভাগে সিটি স্ক্যান, এমআরআই, মেমোগ্রাফি, কন্ট্রাস্ট এক্স-রে, ক্যাথল্যাভ ও ডিজিটাল এক্স-রে, সি.আর্ম এক্স-রে মেশিনসহ আধুনিক, দামী ও উন্নত প্রযুক্তি নির্ভর যন্ত্রপাতি স্থাপনের ফলে ঐ সকল যন্ত্রপাতি ব্যবহার নিশ্চিত করা, কাজের মান নিয়ন্ত্রণ করা, সেবার মান নিয়ন্ত্রণ করা, যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ নিশ্চিত করা এবং স্বচ্ছতা ও জবাব দিহিতা নিশ্চিত করার প্রয়োজনীয়তা অনেকাংশে বৃদ্ধি পেয়েছে। সেই লক্ষ্যে স্বাস্থ্য অধিদপ্তর হতে ১৫টি মেডিকেল কলেজ হাসপাতাল, ৭টি বিশেষায়িত হাসপাতাল, ২৩টি ২৫০ শয্যা সদর/জেনারেল হাসপাতাল ও ৩৫টি ১০০ শয্যা জেলা সদর হাসপাতালে রেডিওলজি বিভাগে ২৬৩টি পদ সৃজনের করার প্রস্তাব করা হয়েছে।

প্রস্তাবের উপর বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

- (১) নিয়োগবিধির সাথে সামঞ্জস্য রেখে পদ সংখ্যা বাড়িয়ে প্রস্তাব করতে হবে;
- (২) রেডিওলজি বিভাগে আরও কি কি পদ রাখা যেতে পারে, সে বিবেচনা নিয়ে স্বাস্থ্য অধিদপ্তর প্রস্তাব প্রেরণ করবে।

(৩) ১৪টি সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল এন্ডোক্রাইনোলজি ও ডায়াবেটিস বিভাগে পদ সৃজনঃ

এন্ডোক্রাইনোলজি ও মেটাবলিজম চিকিৎসাশাস্ত্রের একটি অতীব গুরুত্বপূর্ণ শাখা হওয়া সত্ত্বেও আমাদের দেশে অদ্যাবধি এই বিষয়ের উপর যথেষ্ট জনসচেতনতা ও সুযোগসুবিধা সৃষ্টি হয়নি। হরমোন ও বিপাক ক্রিয়ার ত্রুটির জন্য বিভিন্ন নালিহীন গ্রন্থি যেমন-পিটুইটারী, থাইরয়েড, অগ্নাশয়, এড্রেনাল গ্রন্থি, অল্টকোষ ও মহিলাদের ওভারীর রোগ হতে পারে এ সমস্ত অঙ্গসমূহ দেহের জন্য খুবই গুরুত্বপূর্ণ। দেহে এ সকল হরমোনের পরিমাণ কমবেশী হলে ডায়াবেটিস, থাইরয়েড গ্রন্থির রোগসমূহ, প্রজনন জনিত সমস্যা, বন্ধ্যাত্ব, দৈহিক বৃদ্ধির তারতম্য যেমন- অতিরিক্ত লম্বা বা খাটো হওয়া, হাড় নরম ও ভঙ্গুর হওয়া ও উচ্চরক্তচাপসহ আরও অনেক রকমের ব্যাধি দেখা দেয়। এই সকল রোগের চিকিৎসা, শিক্ষা ও গবেষণার জন্য সরকারি চিকিৎসা সেবা অপ্রতুল। বেসরকারি স্বাস্থ্য সেবার উচ্চ মূল্যের ব্যয়ভার মেটানো আমাদের দেশে দরিদ্র জনগণের পক্ষে কষ্টসাধ্য। এনুপ বিবেচনায় ১৪টি সরকারি মেডিকেল কলেজ হাসপাতাল এন্ডোক্রাইনোলজি ও ডায়াবেটিস বিভাগে পদ সৃজন প্রয়োজন। সেই লক্ষ্যে স্বাস্থ্য অধিদপ্তর হতে ১৪টি সরকারি মেডিকেল কলেজ হাসপাতালে এন্ডোক্রাইনোলজি ও ডায়াবেটিস বিভাগের জন্য ৭৭টি পদ সৃজনের প্রস্তাব করা হয়েছে।

প্রস্তাবের উপর বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

- (১) বর্তমানে ৫০০ শয্যাবিশিষ্ট মেডিকেল কলেজ হাসপাতালের স্ট্যান্ডার্ড সেট আপ প্রনয়নের কার্যক্রম চলমান। এন্ডোক্রাইনোলজি বিভাগে পদ সৃজনের বিষয়টি স্ট্যান্ডার্ড সেট আপে অন্তর্ভুক্ত করা যেতে পারে। খসড়া স্ট্যান্ডার্ড সেট আপ উপস্থিত সদস্যদের নিকট মেইলে প্রেরণ করতে হবে।

২। সভায় আর কোন অলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলের মন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।


স্বা/-
(মোঃ হাবিবুর রহমান খান)
সভাপতি
ও
অতিরিক্ত সচিব (প্রশাসন)
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

নং-৪৫.০০.০০০০.১৫০.১৫.০১৯.১৮- ৪২৬ (১/৬)

তারিখ: ১৮.০৯.২০১৯ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর মহাখালী, ঢাকা।
- ৪। পরিচালক, জাতীয় প্রতিবেশক ও সামাজিক চিকিৎসা প্রতিষ্ঠান (নিপসম), মহাখালী, ঢাকা।
- ৫। অধ্যাপক ডাঃ এম এ জলিল আনসারী, এসোসিয়েশন অব ক্লিনিক্যাল এন্ডোক্রাইনোলজিস্ট এন্ড ইন্টারনেট্রোলজিস্ট অব বাংলাদেশ ঢাকা।
- ৬। প্রফেসর, ডাঃ মোঃ রুহুল আমীন, প্রফেসর এন্ডোক্রাইনোলজি, স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ, ঢাকা।
- ৭। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (তাকে পদ সৃজন সংক্রান্ত সভার নোটিশটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৮। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।


রোকেয়া বেগম
উপসচিব